ডিবিসি টেলিভিশনের চুয়াডাঙ্গা ভিডিও জার্নালিস্ট সাকিব

চুয়াডাঙ্গার তরুণ গণমাধ্যমকর্মী সাকিব আল হাসান দেশের প্রথম সারির জনপ্রিয় সংবাদভিত্তিক স্যাটেলাইট টেলিভিশন ডিবিসি টেলিভিশনের চুয়াডাঙ্গা জেলা ভিডিও জার্নালিস্ট হিসেবে নিয়োগপ্রাপ্ত হয়েছেন।

ডিবিসি টেলিভিশনের ডাইরেক্টর অপারেশন মো. রাশেদ আহসানের স্বাক্ষরিত নিয়োগপত্রে গত ১৪ জানুয়ারি ২০২৬ তারিখে তাকে এ পদে নিয়োগ প্রদান করা হয়। গত ১৫ জানুয়ারি ২০২৬ থেকে তার কর্মকাল কার্যকর হয়েছে বলে নিয়োগপত্রে উল্লেখ রয়েছে।

এর আগে তিনি স্যাটেলাইট টেলিভিশন নাগরিক টিভিতে ভিডিও জার্নালিস্ট হিসেবে দায়িত্ব পালন করেছেন। পাশাপাশি দীর্ঘদিন ধরে স্থানীয় ও জাতীয় বিভিন্ন পত্রিকায় নিয়মিত সংবাদ পরিবেশন করে আসছেন। মাঠ পর্যায়ের সংবাদ সংগ্রহ, ভিডিও প্রতিবেদন ও অনুসন্ধানী কাজে তার দক্ষতা ইতোমধ্যে গণমাধ্যম অঙ্গনে প্রশংসিত হয়েছে।

নিয়োগ প্রসঙ্গে সাকিব আল হাসান বলেন, “নতুন এই কর্মস্থলে নিয়োগ আমার স্বপ্নের পথে আরেকটি গুরুত্বপূর্ণ ধাপ। নতুন কর্মস্থল, নতুন দায়িত্ব—সততা, নিষ্ঠা ও পেশাদারিত্বের সঙ্গে কাজ করতে চাই। এ পথে সকলের দোয়া ও সহযোগিতা কামনা করছি।”

তার এ নিয়োগকে ইতিবাচকভাবে দেখছেন চুয়াডাঙ্গা জেলার জ্যেষ্ঠ সাংবাদিক ও সহকর্মীরা। তারা আশা প্রকাশ করেন, নতুন দায়িত্বে সাকিব আল হাসান এলাকার সমস্যা, সম্ভাবনা ও মানুষের কথা তার ক্যামেরায় জাতীয় পরিসরে তুলে ধরতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবেন।

তার এ সাফল্যে চুয়াডাঙ্গা জেলার গণমাধ্যমকর্মী ও শুভানুধ্যায়ীরা তাকে অভিনন্দন জানিয়েছেন এবং তার পেশাগত জীবনের উত্তরোত্তর সাফল্য কামনা করেছেন।